

আজকাল



কলকাতা শনিবার ২০ জানুয়ারি ২০২৪



শুক্রবার কলকাতায় শুরু হল সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের ২ দিনের বি স্কুল ফেস্ট 'জেভিয়েস্তা ২৪'। প্রধান অতিথি ছিলেন প্যাটন ইন্টারন্যাশনাল লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর সঞ্জয় বুধিয়া। জেভিয়েস্তার পক্ষে জানানো হয়েছে, ২০১৯ সালে বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ডিন, ড. সোমা সুরের পরিকল্পনায় এই উৎসব শুরু। ব্যবসা এবং শিক্ষার উন্নয়নই এর লক্ষ্য। কোভিডের সময় কাটিয়ে জেভিয়েস্তা এবার ফের শুরু হল। যাতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছেন বিশ্ববিদ্যালয়ের বর্তমান ডিন, অধ্যাপক সীতাংশু খাটুয়া। ফেস্ট কমিটির পক্ষ থেকে কৃতজ্ঞতা জানানো হয়েছে সঞ্জয় বুধিয়ার প্রতি।